# হস্তান্তরিত বিভাগের সহিত পার্বত্য জেলা পরিষদের চুক্তিপত্র

# কৃষি সম্প্রসারণ বিভাগের সহিত চুক্তিনামা

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ এর অধীনে সরকার কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা পর্যায়ের দপ্তর হস্তান্তর নির্দেশনামা।

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ এর দফা (খ) অনুযায়ী সরকার নিম্নলিখিত বিষয় খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট নিম্নবর্ণিত শর্তে হস্তান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ উক্ত বিষয়গুলি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন;

সেহেতু সরকার উপরি-উক্ত আইনের ধারা ২৩ (খ) এ প্রদত্ত ক্ষমতা বলে, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সম্মতিক্রমে, নিম্নলিখিত বিষয় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট হস্তান্তর করিলেন ঃ—

বিষয় ঃ

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর জেলা পর্যায়ের দপ্তর হস্তান্তর।

শর্তসমূহ ঃ

১। বেতন ভাতা ঃ

(ক) উপজেলায় যে ভাবে/যে পদ্ধতিতে সরকার হইতে অর্থ বরাদ্দ করা হয় অনুরূপভাবে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ এবং জেলা সদরে তাঁহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা এবং অন্যান্য ব্যয়াদি খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করিতে হইবে। এই ব্যাপারে মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

(খ) খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কর্তৃক বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হইতে স্থানীয় সরকার পরিষদে প্রেষণে নিয়োজিত থাকিবেন এবং চলতি সরকারী বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন।

২। নিয়োগ ও বদলী ঃ

(ক) উপজেলার মধ্যে উপজেলা পরিষদ কর্তৃক ব্লক সুপারভাইজারদের বদলীর পদ্ধতি বহাল থাকিবে। তাহাদের একই জেলার মধ্যে আন্তঃউপজেলা বদলীর দায়িত্ব এখন থেকে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ এর উপর ন্যস্ত করা হইল। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ আন্তঃউপজেলা বদলী করিতে পারিবেন না।

(খ) উপজেলা কৃষি কর্মকর্তা এবং উপজেলা সদরে নিয়োগ প্রাপ্ত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের জেলার মধ্যে অন্য উপজেলায় বদলী খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কর্তৃক করা হইবে। এই আন্তঃউপজেলায় বদলীর দায়িত্ব উপজেলা পরিষদের থাকিবে না।

(গ) খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীবৃন্দকে পরিষদের বিধি/প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত পদ্ধতিতে নিয়োগ/বদলী ও শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(ঘ) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ ও অন্যান্য কর্মচারীবৃন্দ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সরকারী বলবৎ বিধি/প্রবিধি দ্বারা নিয়ন্ত্রিত হইবেন।

(ঙ) খাগড়াছড়ি পার্বত্য জেলায় কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণকে পার্বত্য জেলার বাহিরে বদলী করার দায়িত্ব কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপর বলবৎ থাকিবে। তবে খাগড়াছড়ি পার্বত্য জেলা হইতে অন্য জেলায় বদলী করার পূর্বে স্থানীয় সরকার পরিষদকে জানাইতে হইবে। উল্লেখ্য, বদলীকৃত স্থানে সংশ্লিষ্ট কর্তকর্তা যোগদান না করা পর্যন্ত কর্মরত কর্মকর্তাগণকে অবমুক্তি দেওয়া যাইবে না।

৩।  অর্জিত ছুটি ও নৈমিত্তিক ছুটি ঃ

(ক) অর্জিত ছুটি ঃ
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ এর অর্জিত ছুটির ব্যাপারে কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পূর্ববৎ নিয়ন্ত্রণ করিবেন। তবে খাগড়াছড়ি পার্বত্য জেলায় নিয়োজিত উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ তাঁহার আবেদনপত্র খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে পেশ করিবেন।

(খ) নৈমিত্তিক ছুটি ঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ এর নৈমিত্তিক ছুটি খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা মঞ্জুর করিতে পারিবেন। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ তাঁহার অধীনস্থ কর্মকর্তা কর্মচারীগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিতে পারিবেন।

(গ)অন্যান্য ছুটির বেলায় বর্তমান প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

৪।  বার্ষিক গোপনীয় প্রতিবেদন ঃ

(ক) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ এর বার্ষিক গোপনীয় প্রতিবেদন খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান লিখিবেন। বিভাগীয় প্রধান বা মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত প্রতিবেদন প্রতিস্বাক্ষর করিবেন।

(খ) খাগড়াছড়ি পার্বত্য জেলায় কর্মরত অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের বার্ষিক গোপনীয় প্রতিবেদন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ চলতি নিয়ম অনুসারে নিয়ন্ত্রণ করিবেন এবং প্রয়োজনবোধে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করিবেন।

৫।  উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ড ঃ

(ক) উপজেলা পরিষদ যে সব ক্ষেত্রে উন্নযন কার্য পরিচালনা করেন তাহা উপজেলা পরিষদের নিকটেই ন্যস্ত থাকিবে।

(খ) যদি খাগড়াছড়ি পার্বত্য জেলাস্থ উপজেলা পরিষদ সমূহের আওতার বাহিরে বা একই উন্নয়ন বিষয়ক কর্মকান্ড একাধিক উপজেলাতে ব্যাপৃত হয় সেই সব ক্ষেত্রে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কৃষি বিষয়ক স্কীম প্রণয়ন, গ্রহণ এবং বাস্তবায়ন করিবেন। অবশ্য স্কীম গ্রহণের পূর্বে উপজেলা পষিদের মতামত নেওয়া বাঞ্চনীয় হইবে এবং স্কীম গ্রহণের পর বিস্তারিত বিষয় সংশ্লিষ্ট উপজেলা পরিষদকে অবশ্যই জানাইতে হইবে।

(গ) জাতীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম কৃষি মন্ত্রণালয় বাস্তবায়ন করিবেন। তবে প্রয়োজনবোধে উন্নয়ন কার্যক্রমের বিভাজ্য অংশ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে বাস্তবায়ন করা যাইবে। এ ছাড়া উপজেলা পরিষদের প্রদত্ত বরাদ্দ ব্যতিরেকে অন্য কোন প্রকার উন্নয়ন সংক্রান্ত অর্থ কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করিতে পারিবেন।

৬।  এই চুক্তি মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (কৃষি মন্ত্রণালয়) এর খাগড়াছড়ি জেলা পর্যায়ের দপ্তর হস্তান্তর ১লা জুলাই, ১৯৯০ ইং/১৬ই আষাঢ়, ১৩৯৭ বাংলা হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষর- অস্পষ্ট ২৭/৬/৯০
(এম.এ. সাঈদ)
সচিব
কৃষি মন্ত্রণালয়

আমি সমীরণ দেওয়ান, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের পক্ষে এই নির্দেশনামায় উল্লিখিত বিষয়ে উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

স্বাক্ষর- অস্পষ্ট
২৭/৬/৯০
(সমীরণ দেওয়ান)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ
খাগড়াছড়ি